

প্রেস বিজ্ঞপ্তি

হংকং, ০৭ মার্চ ২০২২ খ্রিঃ

যথাযোগ্য মর্যাদায় বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, হংকং এ পালিত হলো “ঐতিহাসিক ৭ই মার্চ”। করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে হংকং সরকার কর্তৃক আরোপিত ০২ (দুই) জনের অধিক দলগতভাবে সমবেত হওয়ার কঠোর বিধিনিষেধ থাকায় বাংলাদেশ কনস্যুলেট জেনারেল- এ ঘরোয়াভাবে অনুষ্ঠানটির আয়োজন করা হয়। দিবসের কর্মসূচীর শুরুতেই আনুষ্ঠানিকভাবে কনস্যুলেটের সকল কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে কনসাল জেনারেল মহোদয় জাতীয় পতাকা উত্তোলন করেন। দিবসটি উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভায় মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর বাণী পাঠ করেন দূতাবাসের কর্মকর্তাগণ। এরপর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের উপর নির্মিত ভিডিওটি প্রদর্শিত হয়। এরপর শুরু হয় উন্মুক্ত আলোচনা পর্ব। উন্মুক্ত আলোচনা পর্বে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ০৭ মার্চের ভাষণ এবং বাংলাদেশের স্বাধীনতায় এর গুরুত্ব ও তাৎপর্যের উপর কনস্যুলেটের কর্মকর্তাগণ আলোকপাত করেন।

অনুষ্ঠানে কনসাল জেনারেল তাঁর বক্তব্যে জাতির পিতার প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে তাঁর এই ভাষণকে আন্তর্জাতিক প্রেক্ষাপটে বিশ্লেষণ করেন। তিনি বলেন, বঙ্গবন্ধুর ঐতিহাসিক ভাষণটি দেশ-কালের গন্ডি ছাড়িয়ে সার্বজনীন হয়েছে এবং UNESCO কর্তৃক বিশ্বের গুরুত্বপূর্ণ প্রামাণ্য ঐতিহ্য হিসাবে ‘মেমোরি অব দ্য ওয়ার্ল্ড রেজিস্টারে’ অন্তর্ভুক্তির মাধ্যমে বাঙ্গালী ও বিশ্বের মানুষের জীবনে বঙ্গবন্ধুর এই ভাষণ অনুপ্রেরণার উৎস হিসেবে শক্তি যুগিয়ে যাচ্ছে।

পরিশেষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্বপ্নের “সোনার বাংলা” গড়ার লক্ষ্যে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানিয়ে এবং সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে অনুষ্ঠানের পরিসমাপ্তি ঘোষণা করা হয়।

আলোচনা অনুষ্ঠান শেষে ঢাকায় মাননীয় প্রধানমন্ত্রীর অংশগ্রহণে “ঐতিহাসিক ৭ই মার্চ-২০২২” ভার্চুয়াল অনুষ্ঠানটি কনস্যুলেটের সকল কর্মকর্তা/কর্মচারী বিটিভির ফেসবুক পেইজে যুক্ত হয়ে উপভোগ করেন।

